গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৩.২১.২২৩

বিষয়ঃ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর সংশোধনী অনুমোদনকরণ।

সূত্রঃ স্মারক নং-৫১.০০.০০০০.০১১.২২.১৮২.২০.৩৭৬, তারিখঃ ০৩ আগস্ট, ২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নিম্নোক্ত বিষয়াদি গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১-এ অন্তর্ভুক্তির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

পৃষ্ঠা-১:

অনুচ্ছেদ-২(ঙ) খাদ্যশস্য/নগদ অর্থ বরাদ্দ প্রাক্রিয়া:

এই মন্ত্রণালয় হইতে নির্বাচনী এলাকার (সংরক্ষিত মহিলা আসন ব্যতীত) অনুকূলে খাদ্যশস্য/নগদ টাকা/বিশেষ/ থোক বরাদ্দ প্রদান করা যাইবে। তবে সংরক্ষিত মহিলা আসনের সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ দ্বারা গ্রামীণ নারী উন্নয়নমূলক প্রকল্পে অগ্রাধিকার প্রদান করে খাদ্যশস্য/নগদ টাকা বিশেষ/থোক বরাদ্দ প্রদান করা যাইবে। সিটি কর্পোরেশনের আওতাধীন সংসদীয় আসনের ক্ষেত্রে সিটি কর্পোরেশন বহির্ভূত এলাকায় জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে বরাদ্দ প্রদান করা যাইবে।

অনুচ্ছেদ-২(ছ):

বরাদ্দ প্রদানকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দপত্র জারীর অনূর্ধ্ব ৩০ দিনের মধ্যে সকল পর্যায়ের প্রকল্প তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

পৃষ্ঠা-২:

অনুচ্ছেদ-২(ঝ) প্রকল্পের কাজের ধরণ/পরিধি:

বজ্র নিরোধক দন্ড/যন্ত্র (Lightning Arrester) এবং ছাউনী স্থাপন করা যাইবে।

পৃষ্ঠা-১৩:

অনুচ্ছেদ-১৩(ক) মাটির কাজের ক্ষেত্রে মাপ ও মজুরী:

মাটির কাজের প্রকল্প প্রণয়নে দর তফসিল:

গম/চাউল/নগদ টাকা দ্বারা গৃহীত মাটির কাজের প্রকল্প প্রণয়নে নিম্নবর্ণিত দর তফসিল অনুসরণ করিতে হইবে:

| ক্র. নং | আইটেমের বিবরণ | একক | চাউল/সমমূল্যের গম (কেজি) | নগদ টাকার ক্ষেত্রে |
|---|---|---|---|---|
| ০১ | মূল মাটির কাজ: স্বাভাবিক সব ধরনের রাস্তা, বাঁধ ইত্যাদি (প্রাথমিক লিড ৩০ মিটার এবং লিফট ১.৫০ মিটার) মাটি কাটা, উত্তোলন, বহন এবং ১৫০ মিমি স্তরে বিছানো পার্শ্ব ঢাল ও নির্ধারিত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করণ। | ঘনমিটার | ৩.৭৩৩ | চাউলের সমমূল্যের টাকা |
| ০২ | অতিরিক্ত লিফট: ১.৫০ মিটারের উর্ধে প্রতি ১.০০ মিটার অথবা তার অংশ বিশেষের (০.৩০ মিটারের কম নহে) জন্য। | ঘনমিটার | ০.৫৫৯ | চাউলের সমমূল্যের টাকা |
| ০৩ | অতিরিক্ত লিড: ৩০ মিটারের উর্ধে প্রতি ১৫ মিটার অথবা তার অংশ বিশেষের (৫.০০ মিটারের কম নহে) জন্য। **সর্বোচ্চ ১৫টি।** | ঘনমিটার | ০.৭৪৭ | চাউলের সমমূল্যের টাকা |
| ০৪ | ম্যানুয়াল কম্প্যাকশন (মটি দৃঢ়করণ): কাঠের হাতুড়ী, বাঁশের গুড়লী অথবা দুরমুজ দ্বারা ১৫০ মিমি স্তরে ঢেলা সরবরাহ ইত্যাদি যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশমত সম্পন্নকরণ ইত্যাদি। | ঘনমিটার | ১.২১৩ | চাউলের সমমূল্যের টাকা |
| ০৫ | লেভেলিং, ড্রেসিং, ক্যাম্বারিং, পার্শ্ব ঢাল ঠিককরণ ইত্যাদি যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ। | ঘনমিটার | ০.৬৫৪ | চাউলের সমমূল্যের টাকা |
| ০৬ | টার্ফিং: কমপক্ষে ২২৫ বর্গ মিমি আয়তনের ঘাসের চাপড়া সরবরাহ কারিয়া রাস্তা, বাঁধ ইত্যাদির পার্শ্ব ঢাল এবং উপরিভাগে স্থাপন করা এবং গজাইয়া না উঠা পর্যন্ত পানি সেচসহ যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ। | ঘনমিটার | ০.৯৩৩ | চাউলের সমমূল্যের টাকা |

অপর পাতা দ্র.

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | পানি সেচ: প্রয়োজন অনুযায়ী মাটি কাটার স্থান হইতে পানি নিস্কাশন ০৯ এবং নিরাপদ দূরত্বে সরানোসহ যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশমত সম্পন্নকরণ। | ঘনমিটার | ১.৮৬৭ | চাউলের সমমূল্যের টাকা |
| ০৮ | মূল মাটির কাজ: স্বাভাবিক মাটির পুকুর, নালা ও সেচনালা ইত্যাদি মাটিকাটা প্রয়োজনীয় দূরত্বে সরানো, সরানো মাটি লেভেলিং ড্রেসিং করা (প্রাথমিক লিড ২০ মিটার এবং লিফট ১.০০ মিটার) ইত্যাদি সকল কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ। | ঘনমিটার | ৪.৬৮৩ | চাউলের সমমূল্যের টাকা |
| ০৯ | অতিরিক্ত লিফট: ২.০০ মিটারের উর্ধে প্রতি ১.০০ মিটার অথবা তার অংশ বিশেষের (০.৩০ মিটারের কম নহে) জন্য। | ঘনমিটার | ০.৭৪৭ | চাউলের সমমূল্যের টাকা |
| ১০ | অতিরিক্ত লিড: ২০ মিটারের উর্ধে প্রতি ১০ মিটার অথবা তার অংশ বিশেষের (৩.০০ মিটারের কম নহে) জন্য। | ঘনমিটার | ০.৯৩৩ | চাউলের সমমূল্যের টাকা |
| ১১ | শক্ত, কাদা, বালি মাটির জন্য অতিরিক্ত | ঘনমিটার | ০.৩৭৩ | - |
| ১২ | সুপারভিশন (তদারকি) এর জন্য। | - | ১% | ১% |
| ১৩ | সর্দারের মজুরীর জন্য | - | ১% | ১% |

উল্লেখ্য, প্রযোজ্যতা অনুযায়ী টি.আর নির্দেশিকাতেও অনুরূপ সংশোধন করতে হবে।

১৬/০৮/২০২১

(আবু সাইদ মোঃ কামাল)
উপসচিব (ত্রাক-২)
ফোন: ৯৫৪০১৪৩।
abusayedmd.kamal67@gmail.com

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০.০১১.২২.১৮২.২০.৩৯০ তারিখ: ২৯-০৮-২০২১খ্রি.

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৬ আগস্ট ২০২১খ্রি. তারিখের ৫১.০০.০০০০.৪২২.২২.০০৩.২১.২২৩ নং স্মারকে উল্লিখিত পত্রের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ………………………………(সকল)।
৩। জেলা প্রশাসক……………………………………………(সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার,…………………………………………(সকল)।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (বরাদ্দপত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ……………………………………………(সকল)।
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ……………………………………(সকল)।
৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা……………………………………(সকল)।
৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ……………………………………………(সকল)।
১০। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। পরিচালক এর ব্যক্তিগত সহকারী [পরিচালক (কাবিখা) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১২। অফিস কপি।

২৯/০৮/২০২১

(মো: মনিরুজ্জামান)
উপপরিচালক (কাবিখা-১)
ফোন: ৫৮৮১৫৫৬০
Email: ddmreport@gmail.com

E:\2020-2021\Paripatra Kabikha\Poripatra-kabita 2020-2021\Letter.docx